**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কের বৈদ্যুতিক যান অবকাঠামোর অব্যাহত সম্প্রসারণের জন্য নতুন অনলাইন সংস্থান কেন্দ্রের ঘোষণা করলেন

***নতুন ওয়েবসাইটটি দেখায় কীভাবে জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির তহবিল পুরো নিউ ইয়র্ক স্টেটে ব্যবহার করা যেতে পারে***

***ওয়েবসাইটের জরিপ স্টেটের পরিবহন ডিপার্টমেন্টকে নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো পরিকল্পনা তৈরি করতে সাহায্য করবে***

***জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির তহবিল নির্ধারিত EV বিকল্প জ্বালানি করিডোরে দ্রুত চার্জকে সমর্থন করে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির (National Electric Vehicle Infrastructure Program) ওয়েবসাইট চালু করা হয়েছে। নতুনভাবে চালু করা ওয়েবসাইটটি জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো তহবিল কর্মসূচির ব্যাপারে অতিরিক্ত নেপথ্যের তথ্য প্রদান করে, এবং এখানে রয়েছে ব্যবহারকারীর মতামত নিতে একটি ছোট জরিপ যা স্টেটকে এর জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো পরিকল্পনা (National Electric Vehicle Infrastructure Plan) তৈরির ক্ষেত্রে সাহায্য করবে, যা নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু এজেন্ডা অগ্রসর করবে। এছাড়াও ওয়েবসাইটটি সাইট দেখতে আসা মানুষদের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির ব্যাপারে আরো তথ্য উপলভ্য হলেই সে ব্যাপারে সতর্কতা পাওয়ার জন্য সাইন আপ করতে দেয়। জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির স্টেটগুলিকে নিবেদিত তহবিল প্রদান করে যা বৈদ্যুতিক যান লেভেল 3 সমপ্রবাহ দ্রুত চার্জিং (Level 3 Direct Current Fast Charging) অবকাঠামোর কৌশলীয় বাস্তবায়ন এবং নির্ভরযোগ্য চার্জিংয়ের একটি আন্তঃসংযুক্ত নেটওয়ার্ক স্থাপন করার জন্য সমর্থন প্রদান করবে।

"আমরা আমাদের কার্বন পদচিহ্ন যথেষ্ট পরিমাণ হ্রাস করতে পারবো না, যদি না আমরা আমাদের বৈদ্যুতিক যান (Electric Vehicle, EV) অবকাঠামোকে সম্প্রসারণ করতে থাকি, কিন্তু রাষ্ট্রপতি বাইডেন, সিনেটর শুমার, সিনেটর জিলিব্র্যান্ড এবং আমাদের কংগ্রেশনাল প্রতিনিধি দলের প্রচেষ্টার কল্যাণে, যারা জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচি তৈরিতে কাজ করেছেন, আমাদের কাছে আমাদের জলবায়ু লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করার জন্য অতিরিক্ত সংস্থান রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের বৈদ্যুতিক যান সক্ষমতা বৃদ্ধি করা হলো

নিউ ইয়র্ক স্টেটজুড়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব হ্রাস করতে আমার প্রশাসনের চলমান প্রচেষ্টার একটি মুখ্য অংশ। নতুন অনলাইন ব্যবস্থাটি শুধু জনগণকে বৈদ্যুতিক যান চার্জিংয়ের ভবিষ্যৎ সম্পর্কে শেখাবেই না, বরং নিউ ইয়র্কের পরিবহন বৈদ্যুতিক চার্জিং নেটওয়ার্ক নির্মাণের পরবর্তী পর্যায় পরিকল্পনা করার জন্য আমাদেরকে অতিরিক্ত তথ্য প্রদান করবে।"

নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো পরিকল্পনা তৈরি করবে নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (New York State Department of Transportation, NYSDOT), নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) সাথে একত্রে। NYSDOT নিউ ইয়র্কের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো পরিকল্পনা তৈরির জন্য একটি পাবলিক মিটিং ঘোষণা করবে। আরো তথ্য এখানে পাবেন।

**স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে একটি পরিবেশগত ভাবে নিরাপদ ও নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা অর্জনের জন্য EV অবকাঠামো নির্মাণে একটি অব্যাহত কৌশলী পরিকল্পনা প্রধান প্রয়োজন। জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচি আমাদেরকে ডেটা সংগ্রহ করার একটি দারুণ ফ্রেমওয়ার্ক প্রদান করে যা আমরা আমাদের রাস্তা সংলগ্ন কোন কোন অবস্থানে দ্রুত চার্জিং স্টেশনের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন সে ব্যাপারে তথ্য পেতে ব্যবহার করতে পারবো, যাতে করে আমরা গ্রিনহাউজ গ্যাস (Greenhouse Gas, GHG) হ্রাসে কাজ করে চালিয়ে যেতে পারি এবং একটি সবুজতর অর্থনীতির দিকে ধাবিত হতে পারি।"

**নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন,** "পুরো স্টেটের নিউ ইয়র্কবাসীরা কোথায় EV চার্জারের অবস্থান হওয়া উচিত সে ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে, যেহেতু আমরা এমন অবকাঠামো বানানো অব্যাহত রাখছি যা আমাদের সম্প্রদায়ে আরো পরিচ্ছন্ন যান রাস্তায় নামানোকে সহজতর করবে। নতুন সংস্থানটি তথ্যের প্রবাহের ব্যবস্থা করবে এবং আমাদের জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো কর্মসূচির জন্য গুরুত্বপূর্ণ ডেটা প্রদান করবে, যাতে এটি নিশ্চিত করা যায় যে আমরা নিঃসরণ হ্রাস করতে এবং একটি আরো স্বাস্থ্যকর, কম কার্বনের, পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতে রূপান্তরের পথে চলছি।"

জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামো একটি ফেডারেল তহবিলের উৎস যা 2021 সালের নভেম্বর মাসে আইনে পরিণত হওয়া ফেডারেল অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান অ্যাক্টের (Federal Infrastructure Investment and Jobs Act) অধীনে নতুনভাবে তৈরি করা হয়েছে। কর্মসূচিটিতে প্রাথমিকভাবে গুরুত্ব প্রদান করা হয়েছে নির্ধারিত করিডোরের 1 ট্রাভেল মাইলের মধ্যে 50 মাইলের বেশি দূরত্ব না রেখে যাত্রীদের EV-র জন্য সকলের জন্য উপলভ্য সমপ্রবাহের দ্রুত চার্জিং (Direct Current Fast Charging) তৈরি, এর মধ্যে ইন্টারস্টেট হাইওয়ে এক্সিটের কাছাকাছি অবস্থানে বেশি গুরুত্ব প্রদান করা হবে।

নিউ ইয়র্ক 5 বছরে 175 মিলিয়ন মার্কিন ডলার পাবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। তহবিল খরচ করার আগে, নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্টকে অবশ্যই কীভাবে তহবিল ব্যবহৃত হবে

তার বর্ণনাসহ একটি জাতীয় বৈদ্যুতিক যান অবকাঠামোর অবকাঠামো বাস্তবায়ন পরিকল্পনা (Infrastructure Deployment Plan) জমা দিতে হবে শক্তি ও পরিবহনের যৌথ অফিসের (Joint Office of Energy and Transportation) কাছে, 1 আগস্টের মধ্যে।

2022 সালের শুরুর দিকে, গভর্নর হোকল ঘোষণা করেন যে স্টেটের ড্রাইভ ক্লিন রিবেট (Drive Clean Rebate) কর্মসূচিতে 12 মিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করা হয়েছে যাতে ভোক্তারা একটি বৈদ্যুতিক যান ক্রয়ের সময় 2,000 মার্কিন ডলার পর্যন্ত সাশ্রয় করতে পারে এবং স্থানীয় সরকারগুলিকে জনগণের ব্যবহারের জন্য বৈদ্যুতিক যান ক্রয় ও নিঃসরণমুক্ত চার্জিং/জ্বালানির স্টেশন স্থাপন করার জন্য 2.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে যাতে তারা জলবায়ু পরিবর্তনের সাড়াদান করতে পারে এবং আরো স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন করতে পারে। একত্রে, ভোক্তা রিবেট কর্মসূচি এবং 49টি সম্প্রদায়ভিত্তিক প্রকল্পকে মোট 14.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা অনুদানসমূহ 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) অর্জন করতে স্টেটের প্রচেষ্টাকে অগ্রসর করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418